

খসড়া



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০২২ - ৩০ জুন ২০২৩

-২-
সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১ : রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact)	৬
সেকশন -৩ কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১ : শব্দ-সংক্ষেপ (Acronyms)	১০
সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১১
সংযোজনী ৩ : অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৩
সংযোজনী ৪ : জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৪
সংযোজনী ৫ : ই-গভর্ন্যান্স ও উদ্ভবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৬
সংযোজনী ৬ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৭
সংযোজনী ৭ : সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৮
সংযোজনী ৮ : তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৯

জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the District Government Public Library, Natore)

● সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ বিনির্মাণের লক্ষ্যে রাষ্ট্রের সামগ্রিক জনগোষ্ঠীর নিবিড় প্রত্যাশা পূরণে নিজ সক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ প্রয়াস নিয়োজিত করা জেলা সরকারি গণগ্রন্থাগার সমূহের মূখ্য কাজ। প্রধানত: আলোকবর্তিকাবাহী বই পাঠে সর্বসাধারণকে অবিরাম উদ্বুদ্ধ করা এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত সুবিধাদির দ্বারা সময়-সাশ্রয়ী কার্যকর তথ্যসেবা প্রদান করা এ প্রয়াসের অন্তর্ভুক্ত। কোভিড-১৯ এর মধ্যেও স্বাস্থ্য-বিধি মেনে জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর সাম্প্রতিক বছরগুলিতে (বিগত তিন বছর) গণগ্রন্থাগার অধিদপ্তরের রাজস্ব থেকে প্রাপ্ত বিভিন্ন শিরোনামে ৩৩৬০ (তিন হাজার তিনশত ষাট) টি পুস্তক সংগ্রহ করেছে এবং পাঠকদের ব্যবহারের জন্য বিধি মোতাবেক সজ্জিতকরণ করে পাঠকক্ষে প্রেরণ করা হয়েছে। ক্রমাগতই পাঠকসংখ্যা ও পাঠাভ্যাস বৃদ্ধি কার্যক্রম জোরদারকরণে উৎসাহ প্রদানের জন্য বিভিন্ন জাতীয় দিবসভিত্তিক রচনা, বইপাঠ, ছড়া ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতাসহ ১১১টি অনুষ্ঠান আয়োজনসহ ০৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস পালন করা হয়। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদেরকে বই, ক্রেস্ট ইত্যাদি পুরস্কার এবং প্রশংসাব্যঞ্জক সনদ প্রদান করেছে। এ সময়ে প্রায় ৪৫,১৪৩ জন পাঠককে পাঠকসেবা এবং তথ্য ও রেফারেন্স সেবা প্রদান করা হয়েছে। এ সময়ে জেলা প্রশাসন, নাটোর আয়োজিত উন্নয়ন মেলা, ডিজিটাল মেলা, তথ্যমেলা, বইমেলাসহ বিভিন্ন অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণ, প্রচারপত্র বিতরণ, চিঠিপত্র প্রেরণ, ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ায় প্রচারণা, স্কুল/কলেজ ক্যাম্পেইনের মাধ্যমে, অভিাবকদের সাথে মতবিনিময়, টেলিফোন ও ব্যক্তিগতভাবে যোগাযোগের মাধ্যমেবিভিন্ন শ্রেণির প্রায় ২০,০০০ মানুষের কাছে জেলা সরকারি গণগ্রন্থাগার নাটোরের বিভিন্ন সেবা সম্পর্কে ব্যাপকভাবে প্রচারণা চালানো হয়েছে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর এবং জেলা প্রশাসনের মাধ্যমে জেলা সরকারি গণগ্রন্থাগার নাটোরের কর্মকর্তা-কর্মচারীগণ প্রায় ১৬০ ঘন্টা জুমমিটিং/সরাসরি প্রশিক্ষণ গ্রহণ করেছে। এছাড়াও ২৪টি বেসরকারি গণগ্রন্থাগার পরিদর্শন ও ০৪টি নতুন বেসরকারি গ্রন্থাগার তালিকাভুক্তকরণ এবং ১৬ জন ছাত্র-ছাত্রী/সাধারণ পাঠককে গ্রন্থাগারের স্থায়ী সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণ করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয় ও অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ হতে প্রায় ১৫টি পুস্তক (সার্ভিস প্রোফাইল বুক/বার্ষিক প্রতিবেদন/বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধেও ইতিহাস বিষয়ক পুস্তক) জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর এর জন্য সংগ্রহ করা হয়েছে।

● সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সর্বসাধারণের পাঠাভ্যাস বৃদ্ধি এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত তথ্যসেবা প্রদান গণগ্রন্থাগার অধিদপ্তর ও এর আওতাধীন গণগ্রন্থাগারসমূহের প্রধানতম কাজ হওয়ায় এ কাজ সম্পাদনের আবশ্যিক পূর্বশর্ত হলো জনসাধারণের চাহিদামাফিক বই সংগ্রহ করা এবং আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত তথ্যসেবা প্রদানের সুবিধাদি নিশ্চিত করা। কিন্তু বাজেট বরাদ্দের অপ্রতুলতা, পুস্তকের সংখ্যা-স্বল্পতা, বৃহত্তর-পারিসর স্থান সংকুলানে প্রতিকূলতা, জনবলের সীমাবদ্ধতা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে স্থিতিশীল নেটওয়ার্কের অপ্রতুলতাজেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর এর প্রধান সমস্যা। বাণিজ্যিক এলাকার একাংশে গ্রন্থাগার ভবনটি নির্মিত হওয়ায় এবং সন্নিহিতে কোন বড় শিক্ষাপ্রতিষ্ঠান না থাকায় সর্বাধিক পাঠক উপস্থিতি এবং অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর এর উল্লেখযোগ্য চ্যালেঞ্জ।

● ভবিষ্যৎ পরিকল্পনা:

গণগ্রন্থাগার অধিদপ্তর এর সহায়তায় জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোরকে যথাযথ মানসম্পন্ন সেবা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ভবিষ্যৎ পরিকল্পনায় স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি এবং দীর্ঘমেয়াদি বেশ কিছু কার্যক্রম গ্রহণ করা হয়েছে। স্বল্পমেয়াদি পরিকল্পনার মধ্যে প্রয়োজনীয় আসবাবপত্র সংযোজন, অনলাইন ভিত্তিক সেবা সম্প্রসারণ ইত্যাদি উল্লেখযোগ্য। মধ্যমেয়াদি পরিকল্পনার আওতায় গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক গণগ্রন্থাগার ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ, সৌর বিদ্যুৎ বৃদ্ধিকরণ এবং মাল্টিপারপাস হলের একুইস্টিব্ল ব্যবস্থার উন্নয়ন, উপজেলা পর্যায়ে সরকারি গণগ্রন্থাগার স্থাপন, অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন ইত্যাদি কার্যক্রমকে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর এর সাংগঠনিক কলেবর বৃদ্ধিকরণ ইত্যাদি কার্যক্রম দীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতাভুক্ত রয়েছে।

২০২২-২০২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- জাতীয় দিবসসমূহে রচনা, বই-পাঠ, ছড়া, গল্পবলা, চিত্রাংকন ও কবিতা আবৃত্তিসহ মোট ৩৭ টি প্রতিযোগিতার আয়োজন।
- স্থায়ী ও নিয়ামিত পাঠক সংখ্যা বৃদ্ধি।
- ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন।
- বেসরকারি গ্রন্থাগারকে নিবন্ধন সনদ প্রদান।
- বিধি মোতাবেক পুস্তক সজ্জিতকরণ।

প্রস্তাবনা

পাঠকসেবা ও রেফারেন্স সেবার মানোন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবার সম্প্রসারণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ এ চুক্তির উদ্দেশ্য। এছাড়া দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা, জবাবদিহিতা জোরদার, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা
এর মধ্যে

২০২২ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প(Vision) : জ্ঞানমনস্ক আলোকিত সমাজ।

১.২ অভিলক্ষ্য (Mission) : জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে নাটোর জেলার সমগ্র জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য-প্রযুক্তিভিত্তিক সুবিধাদি-সম্বলিত সময়-সাশ্রয়ী পাঠকসেবা ও তথ্যসেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিত ও সমৃদ্ধকরণ।

১.৩ জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর এর কর্মসম্পাদনের ক্ষেত্র

১. পাঠকসেবার মানোন্নয়ন।
২. পাঠ সামগ্রীর মানোন্নয়ন।
৩. সম্প্রসারিত সেবার মানোন্নয়ন।
৪. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।
৫. জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

১.৪ কার্যাবলি (Functions):

১. জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর এর পাঠক-চাহিদা মোতাবেক, প্রাপ্ত পাঠসামগ্রী সংগ্রহ, বিন্যাস, সংরক্ষণ ও বিতরণ (Dissemination)।
২. বঙ্গবন্ধু ও শিশুদের জন্য ২ টি আলাদা কর্ণার।
৩. চাকরি প্রত্যাশী পাঠকদের জন্য সমসাময়িক নির্ভুল তথ্য নির্ভর চাকরি সহায়ক বইসেবা
৪. স্থায়ী সদস্যদের ১৫(পনেরো) দিনের জন্য পুস্তক লেন-দেনের সুব্যবস্থা।
৫. স্থানীয়-জাতীয় দৈনিক পত্রিকা ও সাময়িকী মোট ২০(বিশ) টি (বাংলা ও ইংরেজি) পাঠ সেবা।
৬. পুরাতন পত্রিকা (ইন্ডেক্স ও বাংলাদেশের গেজেট) প্রদর্শনসেবা।
৭. পাঠাভ্যাস বৃদ্ধি উৎসাহিতকরণে জাতীয় দিবসসমূহে বিভিন্ন প্রতিযোগিতা যেমন- রচনা, চিত্রাংকন, বইপাঠ, সুন্দর হাতের লেখা, ছড়া ও কবিতা আবৃত্তি এবং পুস্তক প্রদর্শন অনুষ্ঠান এবং পুরস্কার ও সনদ প্রদান।
৮. পাঠকদের রেফারেন্স ও তথ্যসেবা, CAS/SDI সেবা এবং পুস্তক লেনদেন সেবা বৃদ্ধিকরণ।
৯. পাঠকদের জন্য আধুনিক মানের কম্পিউটার ব্যবহারসেবা।
১০. পাঠকদের জন্য আধুনিক মানের ওজন মাপার মেশিন।
১১. জেলা সরকারি গণগ্রন্থাগারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-ভিত্তিক ফ্রি ওয়াই ফাই ও ইন্টারনেট সেবা প্রদান।
১২. নাটোর জেলার ০৭টি উপজেলায় ৪৩টি স্থানে ড্রাম্যামান লাইব্রেরি পরিচালনাকরণ।
১৩. ০৪টি ক্যানো কম্পিউটার ও শিশুদের পাঠাভ্যাস বৃদ্ধির জন্য ০৪ বক্স টয়-ব্রিক খেলনার।
১৪. নাটোর জেলার বেসরকারি গণগ্রন্থাগারসমূহ তালিকাভুক্তকরণ ও মূল্যায়ন।

সেকশন -২

বিভিন্ন কার্যক্রমের চূরাস্ত ফলাফল/প্রভাব(Outcome/ Impact)

চূরাস্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	*প্রকৃত অর্জন*		লক্ষ্যমাত্রা ২০২২-২০২৩	প্রক্ষেপন		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত সন্ত্রাণালয়/বিভাগের/সংস্থাসমূহের নাম)	উপাস্তসূত্র
			২০২০-২১	২০২১-২২		২০২৩-২৪	২০২৪-২০২৫		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
পাঠকসেবা	পাঠক উপস্থিতি প্রবৃদ্ধি	বৃদ্ধির হার	০.০৮ (লক্ষ)	০.১৩ (লক্ষ)	০.১১ (লক্ষ)	০.১১২ (লক্ষ)	০.১১৪ (লক্ষ)	প্রযোজ্য নয়	পাঠক উপস্থিতি রেজি: ও রেফারেন্স রেজি:
	অনুষ্ঠান সংখ্যা/অংশগ্রহণ কারীর প্রবৃদ্ধি	বৃদ্ধির হার	০.৪০ (হাজার)	০.৪২ (হাজার)	০.৪৪ (হাজার)	০.০৪৫ (হাজার)	০.০৪৬ (হাজার)	প্রযোজ্য নয়	অংশগ্রহণকারীদের তালিকা (নাম ও ঠিকানা)
জাতীয় গ্রন্থাগার দিবস	উদযাপন	তারিখ	০৫.০২.২১	০৫.০২.২২	০৫.০২.২৩	০৫.০২.২৪	০৫.০২.২৫	প্রযোজ্য নয়	নথিভুক্ত দিবস কার্যবিবরণী

সেকশন -৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কর্মসম্পাদন ক্ষেত্র	ক্ষেত্রের মান	কার্যক্রম(Activities)	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন*	প্রকৃত অর্জন*	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২০২৩					প্রক্ষেপন ২০২৩-২৪	প্রক্ষেপন ২০২৪-২৫
							২০২০-২১	২০২১-২২	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলমান	চলতিমানের নিম্নে		
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
[১] পাঠকসেবার মানোন্নয়নের লক্ষ্যে পাঠক উপস্থিতি ও বিভিন্ন প্রতিযোগিতা উদযাপন	২০	[১.১] পাঠকসেবা	[১.১.১] পাঠক উপস্থিতি(পুরুষ)	সমষ্টি	সংখ্যা (লক্ষ)	৫	০.০৬৫	০.০৯	০.০৮	০.০৭	০.০৬	০.০৫	০.০৪	০.০৮২	০.০৮৩
			[১.১.২] পাঠক উপস্থিতি(নারী)	সমষ্টি	সংখ্যা (লক্ষ)	৩	০.০১	০.০৩	০.০২	০.০১৮	০.০১৬	০.০১৫	০.০১৪	০.০২১	০.০২২
			[১.১.৩] পাঠক উপস্থিতি(শিশু)	সমষ্টি	সংখ্যা (লক্ষ)	২	০.০০৫	০.০১	০.০১	০.০০৯	০.০০৮	০.০০৭	০.০০৬	০.০১২	০.০১৩
		[১.২] অনুষ্ঠানের সংখ্যা/ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী	[১.২.১] চিত্রাংকন প্রতিযোগিতা অংশগ্রহণকারী	সমষ্টি	সংখ্যা (হাজার)	৪	০.১	০.১১	০.১২	০.১১	০.১০	০.০৯	০.০৮	০.১২৫	০.১২৬
			[১.২.২] অনুষ্ঠান	সমষ্টি	সংখ্যা (হাজার)	৩	০.৫	০.৭	০.৭	০.৬	০.৫	০.৪	০.৩	০.৭	০.৭
			[১.২.৩] রচনা প্রতিযোগিতা অংশগ্রহণকারী	সমষ্টি	সংখ্যা (হাজার)	৩	০.৩০	০.৩১	০.৩২	০.৩১৫	০.২৮	০.২৪৫	০.২১	০.৩৩	০.৩৪
[২] পাঠকসেবার মানোন্নয়নের লক্ষ্যে পুস্তক সংগ্রহ এবং জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন	৩০	[২.১] বিদ্যমান গ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ	[২.১.১] পুস্তক সংগ্রহ ও সম্পাদন	সমষ্টি	সংখ্যা (হাজার)	১৫	১.১৮৮	১.১৯৫	১.০৪৫	১.০০	০.৯০০	০.৮০০	০.৭০০	১.০৫	১.০৫
		[২.২] জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন	[২.১.২] জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন	তারিখ	তারিখ	১৫	০৫.০২.২০	০৫.০২.২১	০৫.০২.২২	-	-	-	-	০৫.০২.২৩	০৫.০২.২৪

কর্মসম্পাদন ক্ষেত্র	ক্ষেত্রের মান	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন*	প্রকৃত অর্জন*	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২০২৩					প্রক্ষেপন ২০২৩- ২৪	প্রক্ষেপন ২০২৪- ২৫
							২০২০-২১	২০২১-২২	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলমান	চলতিমানে র নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
[৩]প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ	২০	[৩.১] অভ্যন্তরীণ প্রশিক্ষণ	[৩.১.১] কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ(সেশন)	সমষ্টি	সংখ্যা	১০	অধিদপ্তর কর্তৃক আয়োজি ত								
		[৩.২] দক্ষতা শেয়ারিং	[৩.১.২] কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে পারস্পারিক দক্ষতা শেয়ারিং সেশন	তারিখ	তারিখ	১০	-	-	২৬.১২.২২ ও ২৬.০৬.২৩						২৫.১২.২৩ ও ২৫.০৬.২৪

সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম(Activities)	কর্মসম্পাদন সূচক মান	গণনা পদ্ধতি	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন* ২০২০-২১	প্রকৃত অর্জন* ২০২১-২২	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২০২৩ Target/Criteria Value for FY(2022-2023)					প্রক্ষেপন (Projection) ২০২৩-২৪	প্রক্ষেপন (Projection) ২০২৪-২৫
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলমান	চলতিমানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
[৪] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[৪.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	১০	সমষ্টি	সংখ্যা (হাজার)	৫	০.৫৩	০.৫৪	০.৬৫	০.৫৮৫	০.৫২	০.৪৫৫	০.৩৯	০.৭০	০.৭৫
		[৪.২] ই-গভর্ন্যান্স / উদ্ভবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	১০												
		[৪.৩] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	৩												
		[৪.৪] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	৪												
		[৪.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	৩												

আমি, লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর হিসেবে মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে, এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি, মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা হিসেবে লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর এর নিকট অঙ্গীকার করছি যে, এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষরিত:

Ryannat

লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার
নাটোর।

১৫.০৬.২০২২

তারিখ:

মহাপরিচালক
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

তারিখ:

-১১-

সংযোজনী-১:

নাই

সংযোজনী-২:
কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১.১] পাঠক সেবা	[১.১.১] পাঠক উপস্থিতি(পুরুষ)	জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর	পাঠক উপস্থিতি রেজি: ও রেফারেন্স রেজি:
	[১.১.২] পাঠক উপস্থিতি(নারী)		পাঠক উপস্থিতি রেজি: ও রেফারেন্স রেজি:
	[১.১.৩] পাঠক উপস্থিতি(শিশু)		পাঠক উপস্থিতি রেজি: ও রেফারেন্স রেজি:
[১.২] অনুষ্ঠানের সংখ্যা/ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী	[১.২.১] চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী		অংশগ্রহণকারীদের তালিকা (নাম ও ঠিকানা)
	[১.২.২] অনুষ্ঠান		ওয়েব পোর্টাল/শিক্ষা প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ
	[১.২.৩] রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী		অংশগ্রহণকারীদের তালিকা (নাম ও ঠিকানা)
[২.১] বিদ্যমান গ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ ও জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন	[২.১.১] পুস্তক সংগ্রহ ও সম্পাদন	জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর ও গণগ্রন্থাগার অধিদপ্তর	প্রাপ্ত (জমাকৃত) পুস্তকের তালিকা রেজিস্টার
	[২.১.২] জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন	জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর ও জেলা প্রশাসন, নাটোর	জাতীয় পত্রিকায় প্রকাশিত সংবাদ
[৩.১] অভ্যন্তরীণ প্রশিক্ষণ	[৩.১.১] কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ	গণগ্রন্থাগার অধিদপ্তর	অধিদপ্তর কর্তৃক আয়োজিত
[৩.২] দক্ষতা শেয়ারিং	[৩.১.২] কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে পারস্পারিক দক্ষতা শেয়ারিং সেশন	জেলা সরকারি গণগ্রন্থাগার, নাটোর	নোটিশ/কার্যবিবরণ

সংযোজনী-৩:

অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যে সকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
প্রযোজ্য নয়			